



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।

পত্র নং- ১৭.০৯.৯৩৬৬.০০০.৩২.০৯৩.২৫-৪৭৬

তারিখঃ ১০ আগস্ট ২০২৫ খ্রিঃ

নোটিশ

নির্বাচন কমিশন সচিবালয়ের পত্র নং ১৭.০০.০০০০.২৬.৩২.০০১.২৫(অংশ)-২০৯, তারিখঃ ০৩ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ অনুযায়ী এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(১) ও ভোটার তালিকা বিধিমালা ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি শাহানাজ আক্তার, উপজেলা নির্বাচন অফিসার এবং রেজিস্ট্রেশন অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল এতদ্বারা টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার মির্জাপুর পৌরসভাসহ ১৪টি ইউনিয়ন (মহেড়া, জামুকাঁ, ফতেপুর, বানাইল, আনাইতারা, উয়াশী, ভাতগ্রাম, ভাওড়া, বহরিয়া, গোড়াই, লতিফপুর, আজগানা, তরফপুর ও বাঁশতৈল) এর সকল ওয়ার্ডের ভোটার এলাকাসমূহের ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত নিবন্ধিত ভোটারযোগ্য ব্যক্তিদের (০১/০১/২০০৭ বা তার পূর্বে যাদের জন্ম) হালনাগাদকৃত সম্পূরক খসড়া ভোটার তালিকা ও কর্তনযোগ্য মৃত ভোটারের তালিকা জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করিতেছি।

২। ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে ২৫ অনুসরণপূর্বক হালনাগাদকৃত (০১/০১/২০০৭ বা তার পূর্বে যাদের জন্ম) সম্পূরক খসড়া ভোটার তালিকা প্রকাশ থেকে শুরু করিয়া চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য নির্বাচন কমিশন নিয়োক্ত সময়সূচী নির্ধারণ করিয়াছেন।

৩। উক্ত ভোটার তালিকায় যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করা, মৃত্যুজনিত বা অন্তর্ভুক্তি হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার লক্ষ্যে নির্দিষ্ট ফরমের মাধ্যমে দরখাস্ত আগামী ২১ আগস্ট ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিস, মির্জাপুর, টাঙ্গাইল) ব্যক্তিগতভাবে দাখিল করিতে হইবে।

ক্রম	বিবরণ	নির্ধারিত সময়সূচী
১	৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত নিবন্ধিত ভোটারযোগ্য ব্যক্তিদের (০১/০১/২০০৭ বা তার পূর্বে যাদের জন্ম) সম্পূরক খসড়া ভোটার তালিকা এবং ভোটার কর্তনের জন্য মৃত ভোটারদের তালিকা প্রকাশ	: ১০ আগস্ট ২০২৫
২	সম্পূরক ভোটার তালিকা প্রকাশের পর যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করা, মৃত্যুজনিত বা অন্তর্ভুক্তি হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ (ফরম-২, ফরম-১২, ফরম-১৩ ও ফরম-১৪ এর মাধ্যমে দরখাস্ত করতে হবে)	: ২১ আগস্ট ২০২৫
৩	দাখিলকৃত দরখাস্তসমূহ উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক নিষ্পত্তির শেষ তারিখ	: ২৪ আগস্ট ২০২৫
৪	সংশোধনের জন্য দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	: ২৬ আগস্ট ২০২৫
৫	জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ কর্তৃক চূড়ান্ত সম্পূরক ভোটার তালিকার পিডিএফ প্রস্তুত ও সিএমএস পোর্টালে লিংক সরবরাহের শেষ তারিখ	: ২৯ আগস্ট ২০২৫
৬	সম্পূরক তালিকাসহ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ [০১/০১/২০০৭ বা তার পূর্বে যাদের জন্ম]	: ৩১ আগস্ট ২০২৫

বিঃদ্রঃ অফিস চলাকালীন আমার কার্যালয়ে অথবা প্রত্যেক পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রকাশিত সম্পূরক ভোটার তালিকা দেখা যাইবে।

স্থানঃ উপজেলা নির্বাচন অফিসার এবং রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়, মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখঃ ১০ আগস্ট ২০২৫খ্রিঃ

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল এবং
রেজিস্ট্রেশন অফিসার
ফোনঃ ০২৯৯৭৭৫৬০০৯

পত্র নং- ১৭.০৯.৯৩৬৬.০০০.৩২.০৯৩.২৫-৪৭৬

তারিখঃ ১০ আগস্ট ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৭। প্রশাসক/চেয়ারম্যান/সচিব..... পৌরসভা/ইউনিয়ন (সকল), মির্জাপুর, টাঙ্গাইল [বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
- ৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
- ৯। অফিস নথি।

(শাহানাজ আক্তার)
উপজেলা নির্বাচন অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল এবং
রেজিস্ট্রেশন অফিসার